আলমডাঙ্গায় র্যাবের অভিযান,২ কেজি গাঁজাসহ আটক-১

আলমডাঙ্গার হারদী গ্রামের ঝিনাইদহ র্যাব-৬ মাদকবিরোধী অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ ব্যবসায়ী আয়েন আলীকে আটক করেছে।

গত মঙ্গলবার বিকালে হারদী বাজারস্থ ডিস মোড়ে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাঁজাসহ তাকে তাকে আটক করে। পরে আলমডাঙ্গা থানায় মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করেছে।

জানাগেছে, কুষ্টিয়া মিরপুর উপজেলার পাগলা গোপিনাথপুর গ্রামের মৃত নবী ছদ্দিনের ছেলে আয়েন আলী (৩৫) দীর্ঘদিন ধরে গাঁজা সেবন ও বিক্রয় করে আসছে। সে বাইরে থেকে গাঁজা ক্রয় করে নিয়ে এসে মিরপুর উপজেলার পাগলা, মালিহাদ, ঝুটিয়াডাঙ্গা, আসাননগর, চকহারদী, বাজিতপুর ও পার্শবর্তী আলমডাঙ্গা উপজেলার কয়েকটি গ্রামের খুচরা ও পাইকারি বিক্রয় করে আসছিল। গত মঙ্গলবার গোপন সংবাদের ভিত্তিতে ঝিনাইদহ র্যাব ক্যাম্প-৬“র ডিএডি নজরুল ইসলাম অফিসার ফোর্স নিয়ে হারদী এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় হারদী বাজারস্থ ডিস মোড়ে র্যাবে উপস্থিতি টের পেয়ে আয়েন আলী কৌশলে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে তাকে আটক করে। আটকের পর তার নিকট থাকা ব্যাগ তল্লাশিকালে ২ কেজি গাঁজা উদ্ধার করে। রাতেই আলমডাঙ্গা থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে আয়েন আলীর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। এছাড়া তার বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় একটি মাদক মামলা রয়েছে। বুধবার তাকে আদালতে প্রেরন করা হয়েছে।

সাংবাদিক হাসমতকে হত্যার হুমকিদাতাকে চিহ্নিত করে

গ্রেফতারের দাবী

দর্শনা প্রেসক্লাবের সদস্য, যায়যায়দিন ও দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার প্রতিনিধি হাসমত আলীকে মুঠো ফোনে অজ্ঞাত সন্ত্রাসীরা হত্যার হুমকি দিয়েছে।

এ ঘটনায় থানায় সাধারণ ডায়েরী করেছেন হাসমত আলী। হুমকিদাতাকে চিহ্নিত করে গ্রেফতারের দাবী তুলে দর্শনা প্রেসক্লাবে অনুষ্ঠিত হয়েছে জরুরী বৈঠক। বুধবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির যৌথ আহ্বানে অনুষ্ঠিত বৈঠকের সভাপতিত্ব করেন ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু।

আলোচনা করেন, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, সাধারণ সম্পাদক এসএম ওসমান, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হারুন রাজু, সহসভাপতি জাহিদুল ইসলাম, যুগ্নসম্পাদক নজরুল ইসলাম, সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন, সাংবাদিক এফএ আলমীগর, মোস্তাফিজুর রহমান কচি,। সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় অন্যান্যের মধ্যে আলোচনা করেন, হাসমত আলী, আ. রহমান, সুজন মাহমুদ, আ. হান্নান, ইমতিয়াজ রয়েল, আবিদ হাসান রিফাত, মাসুম ব্লিল্লাহ, সুকমল চন্দ্র দাস বাধন প্রমুখ।।

সাংবাদিক আজিম উদ্দিনের আত্নার মাগফেরাত ও ডালিমের সুস্থতা কামনায় দোয়া মাহফিল

দর্শনা প্রেসক্লাবের সাবেক সহসভাপতি আজিম উদ্দিন আহমেদের আত্নার মাগফেরাত কামনা ও যমুনা টেলিভিশনের চুয়াডাঙ্গা প্রতিনিধি আরিফুল ইসলাম ডালিমের সুস্থতা কামনা করে দর্শনা প্রেসক্লাবে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার রাত ৯ টার দিকে দর্শনা প্রেসক্লাব ভবনে অনুষ্ঠিত দোয়া মাহফিল অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনা করেন, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান কাজল। সংক্ষিপ্ত আলোচনা করেন, ক্লাবের সভাপতি মনির“জ্জামান ধীর, সাধারণ সম্পাদক হার“ন রাজু, সহসভাপতি জাহিদুল ইসলাম, যুগ্নসম্পাদক নজর“ল ইসলাম, সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক এসএম ওসমান, প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন, চঞ্চল মেহমুদ, সাংবাদিক এফএ আলমীগর, মোস্তাফিজুর রহমান কচি,। সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় অন্যান্যের মধ্যে আলোচনা করেন, হাসমত আলী, আ. রহমান, সুজন মাহমুদ, আ. হান্নান, ইমতিয়াজ রয়েল, আবিদ হাসান রিফাত, মাসুম বিল্লাহ, সুকমল চন্দ্র দাস বাধন প্রমুখ। দোয়া পরিচালনা করেন সাংবাদিক এফএ আলমগীর।

দামুড়হুদায় মোবাইল ফোনে সাংবাদিককে হত্যার হুমকি দুর্বৃত্তদের ! থানায় জিডি

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের সাংবাদিক হাসমত আলীকে মোবাইল ফোনে হত্যার হুমকি দিয়েছে দুর্বৃত্তরা। মঙ্গলবার ভোরে ৪টি মোবাইল নম্বর থেকে তাকে এই হত্যার হুমকি দেওয়া হয়েছে।

তিনি উপজেলার কুড়ুরগাছি গ্রামের আবু তালেবের ছেলে ও দৈনিক যায়যায়দিন পত্রিকার দামুড়হুদা (চুয়াডাঙ্গা) প্রতিনিধি। এ ঘটনায় গতকাল মঙ্গলবার দুপুরে সাংবাদিক হাসমত আলী বাদী হয়ে দর্শনা থানায় একটি সাধারণ ডায়রি করেছেন।

সাংবাদিক হাসমত আলী জানান, মঙ্গলবার ভোরে তিনি দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি নিজ বাড়িতে শুয়ে ছিলেন। এ সময় ০১৫১৮৭৬৪০৮৯ নম্বর মোবাইল থেকে তাকে ফোন করে হত্যার হুমকি প্রদর্শন করে।

এসময় আমি ফোনটি কেটে দিয়। পরবর্তীতে আরও ০১৫১৮৭৬৪৯৯৩, ০১৫১৮৭৬৪৭৮৫, +১৯৭১০১৯৫২ তিনটি নাম্বার থেকে আমাকে ফোন দিয়ে হত্যার হুমকি প্রদর্শন করেছে।

ঘটনার পর আমি নিরাপত্তাহীনতায় ভুগছি।এ ঘটনায় দর্শনা থানায় একটি সাধারণ ডায়রি করা হয়েছে।

এ বিষয়ে দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু ও সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন বলেন, সাংবাদিক হাসমত আলীকে হত্যার হুমকি দেওয়ায় আমরা উদ্বিগ্ন প্রকাশ করছি। হত্যার হুমকি দেওয়ার ঘটনার সাথে যারা জড়িত তাদেরকে দ্রুত আইনের আওতায় এনে শাস্তির দাবি জানিয়েছেন।

আলমডাঙ্গায় ট্রেনে কাটা অজ্ঞাত যুবকের লাশ উদ্ধার

আলমডাঙ্গার রেল জগন্নাথপুরে ট্রেনে কেটে অজ্ঞাত এক যুবকের মৃত্যু হয়েছে। সোমবার সকাল ৯ টার দিকে জগন্নাথপুর চেংখালী মাঠ থেকে ওই যুবকের মরদেহ উদ্ধার করে রেলওয়ে পুলিশ। পরে মরদেহ ময়না তদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে পাঠায়।

জানাগেছে, আলমডাঙ্গার কালিদাসপুর ইউনিয়নের রেল জগন্নাথপুর গ্রামের চেংখালী মাঠে কয়েকজন কৃষক মাঠে যাচ্ছিলো।
সকালে স্থানীয় লোকজন রেল লাইনের উপরে দুই হাত বিচ্ছিন্ন রক্তাক্ত লাশ দেখতে পায়।

বিষয়টি এলাকাজুড়ে ছড়িয়ে পড়লে স্থানীয়রা চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশকে খরব দেয়। দুপুরে চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে ময়নাতদন্তের জন্য পাঠায়। তবে নিহত যুবকের পরিচয় জানতে পারেনি পুলিশ ও স্থানীয়রা ।

চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক নরেশ চন্দ্র দাস

জানান, ভোরে খুলনা থেকে পোড়াদহগামী মালবাহী ট্রেনে কাটা পড়ে ওই যুবকের মৃত্যু হয়। পরে স্থানীয়দের মাধ্যমে খবর পেয়ে মরদেহ উদ্ধার করা হয়েছে। তার নাম পরিচয় শনাক্ত করা যায়নি। মরদেহ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

দামুড়হুদায় জাল টাকা তৈরি চক্রের ৩ সদস্য আটক

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানার কুড়ুলগাছি গ্রামে অভিযানে জাল টাকা তৈরি চক্রের সদস্য, চাঁদাবাজ চক্রের হোতা, মাদক ব্যবসায়ী, পুলিশ পরিচয়ে ছিনতাইসহ এক ডজন মামলার ৩ চাঁদাবাজকে আটক করেছে পুলিশ।

আটককৃত হলো চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের মতলেব হোসেনের ছেলে মো: মাসুদ রানা (৩৫), একই গ্রামের খোকার ছেলে মো: মানিক (২৫), আব্দুর রহিমের ছেলে আব্দুল আল মুবিন (২০)। গত রোববার রাতভর পুলিশ অভিযান চালিয়ে কুড়ুলগাছি মাঠ থেকে তাদের কে আটক করে।

এসময় তাদের কাছ থেকে উদ্ধার করে চাঁদার নগদ ১০ হাজার টাকা ও ২ টি মোবাইল। এ ব্যাপারে সোমবার সকালে দর্শনা থানায় একটি চাঁদাবাজি মামলা দায়ের করা হয়েছে। দুপুরে আটককৃতদের চুয়াডাঙ্গা জেলাতে প্রেরণ করা হয়েছে।

এবিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুর রহমান কাজল নিশ্চিত করে বলেন, দর্শনা থানার কুড়ুলগাছি গ্রামের সাইফুল ইসলামের স্ত্রী সাবিনা খাতুনকে মোবাইল ফোনে তার স্বামী সাইফুলকে হত্যার হুমকি দিয়ে নগদ ১ লাখ টাকা চাঁদা দাবি করে মাসুদ রানা ও তার সহযোগিরা।

নগদ ৩০ হাজার টাকা চাঁদা দিয়ে পরে সবিনা খাতুন কৌশলে চাঁদার আরও ১০ হাজার টাকা দেওয়ার জন্য মাসুদ রানাকে তার বসতবাড়িতে ডাকে। এসময় স্থানীয়দের সহযোগিতায় তাদেরকে আটক করার চেষ্টা করলে মনিক

আটক হলেও বাকিরা পালিয়ে যেতে সক্ষম হয়।

ঘটনার পরই দর্শনা থানা পুলিশকে খবর দিলে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মানিকের স্বীকারোক্তি অভিযান চালিয়ে জাল টাকার তৈরি চক্রের সদস্য, হত্যা, মাদক কারবারি, পুলিশ পরিচয় ছিনতাই মামলাসহ এক ডজন মামলার আসামি মাসুদ রানা ও আব্দুল আল মুবিন কে গ্রেফতার করে।

চুয়াডাঙ্গায় ১টি ইজিবাইকসহ আন্তঃজেলা চোর চক্রের ৫ সদস্য গ্রেফতার

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের অভিযানে আন্তঃ জেলা চোর চক্রের ৫ সদস্যকে গ্রেফতার করা হয়েছে। এসময় চুরি হয়ে যাওয়া ১টি ইজিবাইক উদ্ধার করেছে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ। সোমবার দেড়টার চুয়াডাঙ্গা সদর থানায় এক সংবাদ সম্মেলনে ওই তথ্য জানান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু জিহাদ ফকরুল আলম খান।

সংবাদ সম্মেলনে তিনি জানান, গত রোববার রাতে গোপন সংবাদের ভিত্তিতে জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে আন্তঃজেলা চোর চক্রের ৫ সদস্যকে গ্রেফতার করা হয়। এসময় উদ্ধার করা হয় একটি ইজিবাইক।

গ্রেফতারকৃতরা হলো- পঞ্চগড় জেলার তেঁতুলিয়া খেড়কিডাঙ্গী গ্রামের আবু শামার ছেলে রাজু আহমেদ (২৯), দামুড়হুদা উপজেলার শাহাপাড়ার তোফাজ্জেল হোসেনের ছেলে ফরিদ আলী (৩২), আলমডাঙ্গার আসাননগর গ্রামের মৃত নাসির উদ্দীনের ছেলে মানিক মিয়া (২১), চুয়াডাঙ্গা পৌর এলাকার আরামপাড়ার রিয়াজ উদ্দিনের ছেলে মুকুল উদ্দিন (২৮) ও সাতগাড়ী গ্রামের মৃত গহর আলীর ছেলে রশিদ খান (৪৫)। চক্রের বাকী সদস্যদের গ্রেফতার করতে অভিযান চালানো হচ্ছে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবু জিহাদ ফখরুল আলম খান আরও বলেন, গত ২৫ জুলাই রাতে চুয়াডাঙ্গা সদর উপজেলার

বোয়ালমারী গ্রামের দক্ষিণ পাড়ার মতিয়ার রহমানের ছেলে আরিফুল ইসলামের বাড়ি থেকে একটি নীল রঙের ইজিবাইক চুরি হয়।
চুয়াডাঙ্গা সদর থানার এসআই হাসানুজ্জামান ও এসআই আহসান চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে রোববার রাতে আন্তঃজেলা চোর চক্রের ৫ সদস্যকে গ্রেফতার করে। গ্রেফতারকৃতদের শিকারোক্তিতে সোমবার সকাল ১০ টার দিকে চুয়াডাঙ্গা পৌর এলাকার সিঅ্যান্ডবি পাড়া থেকে চুরি হওয়া ইজিবাইক উদ্ধার করা হয়।

ওসি আবু জিহাদ ফখরুল আলম খান আরও বলেন, এটা একটি সঙ্ঘবদ্ধ চোর চক্র। এই চক্রের বাকি সদস্যদের ধরতে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মামলাসহ আদালতে পাঠানো হয়েছে।

ফুড এ্যান্ড নিউট্রেশন এসোসিয়েশনের কমিটি গঠন

ফুড এ্যান্ড নিউট্রেশন এসোসিয়েশন অফ চুয়াডাঙ্গার ১৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠিত হয়েছে। এতে সভাপতি পদে আল-শাহরিয়া রোকন, সহ-সভাপতি দুইজন আনিকা জাহিন ও মাসুদ রানা, সাধারণ সম্পাদক তন্ময় রাজ, সহ-সাধারণ সম্পাদক দুইজন সাবিহা সুলতানা সিমু, ও রাসেল আহম্মেদ, সাংগঠনিক সম্পাদক শেখ আরাফাত রহমান, অর্থ সম্পাদক ইমরোজ পারভীন পায়েল, প্রচার সম্পাদক তানজির আফরোজ লিমা, দপ্তর সম্পাদক সালেহা খাতুন এবং কার্যকারী সদস্য ইসমোতার পারভীন কোয়েল, সিলভিয়া রুম্মান ও খন্দকার ওয়াসিফ রিয়াদ।

চুয়াডাঙ্গা জেলার যে সকল ছাত্র/ছাত্রী বিভিন্ন বর্ষে ইসলামী বিশ্ব বিদ্যালয়সহ দেশের ৭টি বিশ্ব বিদ্যালয়ে খাদ্য পুষ্টি বিজ্ঞানের লেখা পড়া করছে এসব নিউট্রেশন খুদে পুষ্টিবিদ (এফএনএসি) নিয়ে এ কমিটি গঠিত হয়েছে। এছাড়া এ কমিটির ৪ জন উপদেষ্টা পরিষদ রয়েছে।

এরা হলেন, চট্রগ্রাম ডায়াবেটিক জেনারেল হাসপাতালের পুষ্টি কর্মকতার্ ইকবাল হোসেন, নিউট্রিশন গ্রামীন জোন উন্নয়ন সংস্থার টেকনিক্যাল অফিসার বাবুল আক্তার, ফুড সেফটি ইকো সোশ্যাল

ডেভেলাপমেন্ট আগার্নাইজেশন এর টেকনিক্যাল অফিসার ওমর ফারুক ও চুয়াডাঙ্গা ডায়াবেটিক হাসপাতালের পুষ্টিবিদ আতিকা মল্লিক আঁখি।

এসব খুদে পুষ্টিবিদ ইতোমধ্যে পাকৃষ্ণপুর গ্রামে ২শত নারী- পুরুষকে করোনা কালিন সময় স্বাস্থ্য বিধি মেনে খাদ্য ও পুষ্টি বিষয়ে ধারণা প্রদান করেছে। এছাড়া এ কমিটি আগামীতে চুয়াডাঙ্গা জেলার শহর ও গ্রাম পযার্য় সরাসরি ও অন লাইনের মাধ্যমে খাদ্য পুষ্টি সম্র্পকে ধারণা প্রদান করবেন বলে সহ-সভাপতি আনিকা জাহিন প্রতিনিধিকে জানান।

দামুড়হুদায় যথাযথ মর্যাদায় শেখ ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী উদযাপন

দামুড়হুদায় যথাযথ মর্যাদায় শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯১ তম জন্মবার্ষিকী উদযাপন পালন করা হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী, প্রধানমন্ত্রী শেখ হাসিনার মা, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯১ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ করা হয়। ১৯৩০ সালের ৮ আগষ্ট গোপালগঞ্জ টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন তিনি।

দিবসটি উদযাপন উপলক্ষে রবিবার সকাল ১০ টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি জানান উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন। এরপর শ্রদ্ধাঞ্জলি জানান উপজেলা বীর মুক্তিযোদ্ধারা, উপজেলা আঃলীগ, দামুড়হুদা প্রেসক্লাব, দামুড়হুদা মডেল থানা, দর্শনা থানা, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর। পুষ্পস্তবক শেষে শেখ ফজিলাতুন্নেছা মুজিবের সন্মানে এক মিনিট নিরাবতা পালান করে তাঁর আত্মার মাগফিরাত কামনায় দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দোয়া অনুষ্ঠান শেষে উপজেলা পরিষদ সন্মেলন কক্ষে উপজেলা প্রশাসন

ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আযোজনে আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ৬ জন অসহায় নারীদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনসুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আঃলীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, সাধারণ সম্পাদক মাহাফুজুর রহমান মঞ্জু,উপজেলা বীর মুক্তিযোদ্ধা’র সাবেক কমান্ডার আছির উদ্দিন,মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন,দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেক, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমান কাজল,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সদর ইউনিয়ন আঃ লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উজেলা শ্রমিক লীগের সভাপতি হাজী আঃ কাদির, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আঃ মতিন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাকি সালাম, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, উপজেলা নির্বাচন অফিসার ইসহাক, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ূব আলী, উপজেলা আনসার ও জিডিপি প্রশিক্ষক চায়না খাতুন প্রমূখ।

অনুষ্ঠানে বক্তারা বলেন,শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছিলেন একজন আদর্শ ও নীতিবান নারী।সবসময় স্বামীর রাজনৈতিক জীবনের প্রতিটি সঙ্কটে পরামর্শ দিয়ে পাশে থেকেছেন। আওয়ামী লীগের নেতাকর্মীদের যে কোনো বিপদে-আপদে পাশে থেকে সবসময় জুগিয়েছেন সাহস।যিনি ১৯৩০ সালের এই দিনে (৮ আগস্ট) গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন তিনি। ১৯৭৫ সালের ১৫ আগস্টের কালরাত্রিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তিন ছেলে, দুই পুত্রবধূ, আত্মীয়-স্বজনসহ দুষ্কৃতকারীদের গুলিতে তিনি শাহাদতবরণ করেন।শেখ ফজিলাতুন্নেছা মুজিব দেশের মানুষের কাছে বঙ্গমাতা হিসেবে পরিচিত। মাত্র ৩ বছর বয়সে তিনি বাবা শেখ জহুরুল হক ও ৫ বছর বয়সে মা হোসনে আরা বেগমকে হারান। তাঁর ডাক নাম রেনু।

ফজিলাতুন্নেছার দাদা শেখ কাসেম কশোরী বয়সেই তাঁকে বিয়ে দেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে। বয়স কম থাকার কারণে শাশুড়ি (বঙ্গবন্ধুর মা) সাহেরা খাতুন ফজিলাতুন্নেছাকে নিজের সন্তানদের সঙ্গে মাতৃস্নেহে লালন-পালন করেন। গোপালগঞ্জ মিশন স্কুলে তিনি প্রাথমিক লেখাপড়া করেন। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছিলেন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক প্রেরণা, শক্তি।

দামুড়হুদায় উৎসবমুখর পরিবেশে টিকাদান কার্যক্রমের শুভ উদ্বোধন

সরকারী নির্দেশনায় বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক এর নেতৃত্বে উপজেলায় উৎসবমুখর পরিবেশে কোভিড-১৯ এর টিকাদান কর্মসূচি’র কার্যক্রমের শুভ উদ্বোধন কারা হয়েছে।

শনিবার সকাল ৯ঘটিকার দিকে দামুড়হুদা উপজেলার দর্শনা পৌরসভা,দামুড়হুদা সদর,হাউলি, জুড়ানপুর, কুড়ুলগাছি, নতিপোতা, কার্পাসডাঙ্গার, মদনা ইউনিয়নের টিকাদন কর্মসূচি শুভ উদ্বোধন করা হয়।উদ্বোধন শেষে উপজেলার পৌর সহ সকল ইউনিয়নে সফল ভাবে ৪ হাজার ৮’শ নারী-পুরুষের মাঝে কোভিড-১৯ এর টিকা প্রদান সম্পন্ন করা হয়েছে। এ টিকাদান কার্যক্রমে কর্মসূচিতে অগ্রাধিকার দেওয়া হয়েছে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধীদের।টিকাদান কার্যক্রমে প্রদানে লক্ষ্য করা গেছে পুরুষের চাইতে নারীদের অংশগ্রহণ। টিকাদান কার্যক্রম চলেন সকাল ৯ ঘটিকা থেকে বিকাল ৩ ঘটিকা পর্যন্ত।

উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সভাপতিত্বে উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু উপজেলা ব্যাপী কোভিড-১৯ এর টিকাদান কার্যক্রম কর্মসূচি’র শুভ উদ্বোধন শেষে টিকাদান কর্মসূচির সকল কেন্দ্র সরেজমিন পরিদর্শন করেন।

পরিদর্শনকালে উপস্থিত ছিলেন উপজেলা আঃ লীগের সাধারণ সম্পাদক মাহাফুজুর রহমান মঞ্জু, উপজেলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এর পঃপঃ কর্মকর্তা ডাঃ আবু হেনা মোহাম্মদ জামাল শুভ।উপজেলার প্রতিটি কেন্দ্রে সংশ্লিষ্ট জনপ্রতিনিধি অর্থাৎ পৌর মেয়র সহ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ। প্রতিটি কেন্দ্রে ট্যাগ অফিসার, তদারকি কর্মকর্তা, পুলিশ, আনসার, গ্রাম পুলিশ সদস্যরা আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করেন।